

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
কুমিল্লা জেলা কার্যালয়, কুমিল্লা
www.dncrp.comilla.gov.bd

ভিডিও কনফারেন্সিং (জুম অ্যাপস) এর মাধ্যমে অনুষ্ঠিত খাদ্য পণ্যে কৃত্রিম রং ব্যবহারজনিত স্বাস্থ্যঝুঁকি হ্রাসে জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: : মো: আবুল ফজল মীর
জেলা প্রশাসক, কুমিল্লা

সভার তারিখ : ১২/০৭/২০২০ খ্রিষ্টাব্দ, রবিবার।

সময় : বেলা ১২.৩০ টা।

স্থান : সভা কক্ষ, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।

অংশ গ্রহণকারী সদস্যবৃন্দের
নাম ও পদবী : পরিশিষ্ট-“ক”

সভাপতি জুম অ্যাপস সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর বাণিজ্য মন্ত্রণালয় থেকে জারিকৃত এতদসংশ্লিষ্ট পরিপত্রটি পাঠ করে শোনানো হয় এবং এই কমিটির কার্যপরিধি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	হলুদসহ অন্যান্য খাদ্যপণ্যে লেড ক্রোমিটের মতো ক্ষতিকর বস্তুর উপস্থিতি মানব দেহের যে ক্ষতিসাধন করে থাকে সে সম্পর্কে জনগণকে অবহিত ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ।	লেড ক্রোমিটের ক্ষতিকর দিক সম্পর্কে জনগণকে অবহিতকরণ ও সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুমিল্লা। ২. নিরাপদ খাদ্য পরিদর্শক, কুমিল্লা।
০২	খাদ্য পণ্যে কোন ক্ষতিকর দ্রব্য মেশানো হচ্ছে কিনা তার উৎসের অনুসন্ধান।	ক্ষতিকর দ্রব্যের উৎস অনুসন্ধান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা। ২. সহকারী পরিচালক, বিএসটিআই, কুমিল্লা ৩. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুমিল্লা।
০৩	খাদ্য পণ্যে ক্ষতিকর দ্রব্য মিশ্রণ প্রতিরোধে আইনী পদক্ষেপ গ্রহণ।	৩.১: মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। ৩.২: তদারকি অভিযান চলমান রাখতে হবে।	১. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা ২. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুমিল্লা।
০৪	হলুদসহ অন্যান্য মশলা জাতীয় দ্রব্যে লেডসহ অন্যান্য ক্ষতিকর কোন দ্রব্যের উপস্থিতি আছে কিনা পরীক্ষা করা।	১. বাজার থেকে দৈব চয়নের ভিত্তিতে নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠাতে হবে।	১. সহকারী পরিচালক, বিএসটিআই, কুমিল্লা। ২. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুমিল্লা ৩. নিরাপদ খাদ্য পরিদর্শক, কুমিল্লা।

সভাপতি বলেন, লেড মিশিয়ে হলুদসহ অন্যান্য মসলাকে চকচকে করা যায়। যার মাধ্যমে ভোক্তা সাধারণকে পণ্যটি ক্রয়ে প্রলুব্ধ করা যায়। এ বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি জেলা পর্যায়ে খাদ্যে লেড ক্রোমিটের মতো দ্রব্যের উপস্থিতি সনাক্তে মেশিনের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। এক্ষেত্রে লেড সনাক্তে মেশিন স্থাপনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহবান জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২/০৭/২০২০
মো: আবুল ফজল মীর

জেলা প্রশাসক
ও আহবায়ক

খাদ্যপণ্যে কৃত্রিম রং ব্যবহারজনিত স্বাস্থ্যঝুঁকি হ্রাসে জেলা কমিটি, কুমিল্লা।

ফোন : ০৮১-৬০৩০১ ফ্যাক্স : ০৮১-৬০৩০৩


dccomilla@mopa.gov.bd

স্মারক নং ২৬.০৪.১৯০০.৩০৪.০৬.০০১.২০- ১৬৩/২(২৭)

তারিখ : ২৩ জুলাই, ২০২০ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১, কারওয়ান বাজার টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা।
- ০৩। পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৪। সিভিল সার্জন, কুমিল্লা।
- ০৫। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা।
- ০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুমিল্লা।
- ০৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৯। সহকারী পরিচালক, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা।
- ১০। নিরাপদ খাদ্য পরিদর্শক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, কুমিল্লা।
- ১১। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, কুমিল্লা।
- ১২। জেলা কুমিল্লা।
- ১৩। অফিস নথি।



(মো: আছাদুল ইসলাম)

সহকারী পরিচালক

ও সদস্য সচিব

খাদ্যপণ্যে কৃত্রিম রং ব্যবহারজনিত স্বাস্থ্যঝুঁকি হ্রাসে জেলা কমিটি, কুমিল্লা।

ফোন : ০৮১-৭৩৯৩৮

ইমেইল : ad-comilla@dnrcp.gov.bd